দৈনিক
ইত্তেফাক

তারিখ 16 JAN 2013
পৃষ্ঠা ৮ কলাম ৩

# প্রাইমারী স্কুল ছাত্রদের মধ্যে বিনামূল্যে বই বিতরণ শুরু

ব্রাহ্মণবাড়িয়া সংবাদদাতা ॥ জেলা প্রাথমিক শিক্ষা বিভাগের উদ্যোগে প্রাথমিক স্তরের ছাত্র-ছাত্রীদের মাঝে বিনামূল্যে বই বিতরণ শুরু হয়েছে। জেলা প্রশাসক শাহ মোকসেদ আলী বই বিতরণ কর্মসূচীর উদ্বোধন করেন। সভাপতিত্ব করেন ভারপ্রাপ্ত জেলা প্রাথমিক শিক্ষা অফিসার আজিজুল হক। এই কর্মসূচীর আওতায় ব্রাহ্মণবাড়িয়া জেলায় ৩ লাখ ৮৫ হাজার ছাত্র-ছাত্রীর মাঝে ১২ লাখ ৫০ হাজার বই বিতরণ করা হবে।

বাউফল সংবাদদাতা জানান, গত বৃহস্পতিবার এখানে প্রাইমারী স্কুলের শিশুদের মধ্যে আনুষ্ঠানিকভাবে নতুন পাঠ্যবই বিতরণ করেন স্থানীয় সংসদ সদস্য শহিদুল আলম তালুকদার। এ সময় উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার মো: মশিউর রহমান ও উপজেলা শিক্ষা অফিসার আশ্রাব আলী। এ বছর বাউফলে অর্ধলক্ষাধিক শিশুর মধ্যে পাঠ্যবই বিতরণ করা হবে।